



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
খাদ্য মন্ত্রণালয়  
অভ্যন্তরীণ সংগ্রহ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[www.mofood.gov.bd](http://www.mofood.gov.bd)

স্মারক নম্বর: ১৩.০০.০০০০.০৪৩.৩৫.০০২.২০.১৪২

তারিখ: ৩১ জ্যৈষ্ঠ ১৪২৭

১৪ জুন ২০২০

বিষয়: অভ্যন্তরীণ খাদ্য শস্য সংগ্রহ নীতিমালা ২০১৭ এর ৯(খ) অনুচ্ছেদে বর্ণিত খাদ্যশস্য সংগ্রহের সর্বোচ্চ পরিমাণ নির্ধারণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, অভ্যন্তরীণ খাদ্য শস্য সংগ্রহ নীতিমালা ২০১৭ এর ৯(খ) অনুচ্ছেদে একজন কৃষকের নিকট হতে খাদ্যশস্য ক্রয়ের বিষয়ে নিম্নরূপ উল্লেখ রয়েছে:

“অধিকসংখ্যক কৃষককে সুযোগ প্রদানের লক্ষ্যে উপজেলা কমিটি একজন কৃষকের নিকট থেকে সর্বনিম্ন ৩ (তিন) বস্তা পরিমাণ ধান অর্থাৎ ১২০ (একশত বিশ) কেজি ধান ও ১৫০ (একশত পঞ্চাশ) কেজি গম এবং সর্বোচ্চ ৩ (তিন) মে.টন পর্যন্ত ধান/গম সংগ্রহ পরিমাণ নির্ধারণ করতে পারবে। নির্ধারিত পরিমাণ ধান/গম একজন কৃষক কিস্তিতেও বিক্রি করতে পারবেন। তবে কোন কিস্তি ৩ (তিন) বস্তার কম হবে না।”

০২। বর্তমান বোরো সংগ্রহ মৌসুম ২০২০ এর ক্ষেত্রে উল্লেখিত ৯(খ) অনুচ্ছেদে বর্ণিত ধান/গম ক্রয়ের উর্ধসীমা ৩.০০ মে: টন এর পরিবর্তে ৬.০০ মে: টন নির্ধারণ করা হলো।

০৩। এ ক্ষেত্রে মাঝারী ও উচ্চ ধরনের কৃষকের প্রকৃত তালিকার মধ্য থেকে লটারীর মাধ্যমে নির্বাচিত কৃষকের নিকট থেকে সর্বোচ্চ ৬.০০ (ছয়) মে: টন ধান/গম সংগ্রহ করা যাবে। তবে কোনক্রমেই ব্যবসায়ী/ফড়িয়া বা মধ্যস্তভোগী কারো কাছ থেকে ধান সংগ্রহ করা যাবে না।

০৪। বর্ণিত আদেশ অবিলম্বে কার্যকর হবে।

১৪-৬-২০২০

মোঃ শামীম হাসান

মহাপরিচালক  
মহাপরিচালকের দপ্তর  
খাদ্য অধিদপ্তর

উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)  
ফোন: +৮৮০২৯৫১৪২৬৭  
ফ্যাক্স: +৮৮০২৯৫১৫০২৫  
ইমেইল: info@mofood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০০.০০০০.০৪৩.৩৫.০০২.২০.১৪২/১(১৩৯)

তারিখ: ৩১ জ্যৈষ্ঠ ১৪২৭  
১৪ জুন ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) বিভাগীয় কমিশনার (সকল)
- ২) জেলা প্রশাসক (সকল)
- ৩) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, খাদ্য মন্ত্রণালয়
- ৪) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর (এ্যাপস এর মাধ্যমে ধান ক্রয়ে প্রযোজ্য ক্ষেত্রে সংশোধনী আনয়নের জন্য)
- ৫) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, খাদ্য মন্ত্রণালয়
- ৬) জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল)

১৪-৬-২০২০

মোঃ শামীম হাসান

উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য অধিদপ্তর

অভ্যন্তরীণ সংগ্রহ শাখা

খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০

www.dgfood.gov.bd



স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯১.৪৫.২২৯.২০.১২২

তারিখ: ৩১ জ্যৈষ্ঠ ১৪২৭  
১৪ জুন ২০২০

মন্ত্রণালয়ের পত্রের মর্মানুযায়ী স্ব স্ব বিভাগের অন্তর্ভুক্ত সকল জেলা খাদ্য নিয়ন্ত্রক ও সংশ্লিষ্ট সকলকে পত্রের মাধ্যমে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

১৪-৬-২০২০

মোঃ মনিরুজ্জামান

অতিরিক্ত পরিচালক

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক(সকল)

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০১১.৪৫.১১১.২০.১১১(৪)

তারিখ: ৩১ জ্যৈষ্ঠ ১৪২৭  
১৪ জুন ২০২০

সদস্য অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব, খাদ্য মন্ত্রণালয়
- ২) মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর
- ৩) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ৪) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর। ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।



১৪-৬-২০২০

মোঃ মনিরুজ্জামান  
অতিরিক্ত পরিচালক